# Times Today BD

মো. কামরুজ্জামান | ক্যাম্পাস | 15 April, 2025

মঙ্গলবার (১৫ এপ্রিল) রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) গণিত বিভাগের শিক্ষক শহীদ হবিবুর রহমানের অন্তর্ধান দিবস পালিত হয়।১৯৭১ সালের এই দিনে পাকিস্তানি সেনারা রাবি ক্যাম্পাসের বাসা থেকে হবিবুর রহমানকে ধরে নিয়ে যেয়ে হত্যা করে।ধরে নিয়ে যাওয়ার পর তাঁর আর কোনো সন্ধান পাওয়া যায়নি।

এই উপলক্ষে মঙ্গলবার উপাচার্য অধ্যাপক ড. সালেহ্ হাসান নকীব সহ প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তাগণ শহীদ বুদ্ধিজীবী স্মৃতিফলকে পুষ্পস্তবক অর্পণ ও এক মিনিট নীরবতা পালন করেন। সেখানে ১৯৭১ সালের ১৫ এপ্রিল রাবি ক্যাম্পাসে অবস্থানরত বর্তমান উপাচার্য অধ্যাপক ড. সালেহ্ হাসান নকীব শহীদ হবিবুর রহমানকে ধরে নিয়ে যাওয়া ও পারিপার্শ্বিক ঘটনাবলী সম্পর্কে স্মৃতিচারণ করেন।

এসময় অন্যদের মধ্যে উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক মোহাম্মদ মাঈন উদ্দীন, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক মোহা. ফরিদ উদ্দীন খান, গণিত বিভাগের সভাপতি অধ্যাপক মো. আসাবুল হক, জনসংযোগ দপ্তরের প্রশাসক অধ্যাপক আখতার হোসেন মজুমদার, ছাত্র-উপদেষ্টা আমিরুল ইসলাম, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক নাসিমা আখতার প্রমুখ উপস্থিত ছিলেন।

পরে সেখানে গণিত বিভাগসহ অন্যান্য প্রতিষ্ঠান ও সংগঠন শহীদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে।এর আগে গণিত বিভাগের পক্ষ থেকে এক শোক র‍্যালি ক্যাম্পাস প্রদক্ষিণ করে ।

দিবসটি পালনে শহীদ হবিবুর রহমান হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. বায়তুল মুকাদ্দাসুর রহমান সহ আবাসিক শিক্ষক ও শিক্ষার্থীগণ হল চত্বরে শহীদ হবিবুর রহমান স্মারকস্তম্ভ ‘বিদ্যার্ঘ‘তে পুষ্পস্তবক অর্পণ করেন।

রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী উপাচার্য

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:11

URL: https://www.timestodaybd.com/public/campus/775807865